



STEPPING STONE SCHOOL (HIGH)

Worksheet-24

Class- III

Subject- 2nd language Bengali

Topic- composition

Date- 19/06/20

Time limit- 30 minutes

তোমাদের একটি অনুচ্ছেদ রচনা দেওয়া হল। তোমরা রচনাটি পড়বে, পড়ার পর একটি পৃষ্ঠায় লিখবে। তারপর পৃষ্ঠাটি যত্ন করে ফাইলে রেখে দেবে।

কোনো বিষয়কে সংক্ষেপে বর্ণনা করাকে অনুচ্ছেদ রচনা বলে। সহজ সরল ভাষায় বিষয়টির বর্ণনা করতে হবে। ঘটনার ক্রমরক্ষা একান্ত জরুরি। কোনোভাবেই বিষয়ের বাইরে অপ্রাসঙ্গিক কিছু লেখা যাবে না। বানান ভুল একেবারেই বর্জন করতে হবে। পনেরো থেকে ষোলোটি বাক্যের মধ্যে লেখা সীমাবদ্ধ থাকা দরকার।

● আমাদের জাতীয় পাখি ময়ূর ●

ময়ূর দেখতে খুব সুন্দর। এদের সারা শরীর নীল ও সোনালি পালকে ঢাকা। দেহের তুলনায় এদের লেজ খুব লম্বা। পুরুষ ময়ূর আকারে একটু বড়ো হয়। ময়ূরের মাথায় লাল রঙের সুন্দর একটি ঝাঁটি থাকে। বর্ষার মেঘ দেখে ময়ূর আনন্দে পেখম তুলে নাচে। তখন এদের দেখতে খুব সুন্দর লাগে। সাধারণত এরা জঙ্গলে থাকে। পোকামাকড়, ছোটো, সাপ, ধান, গম, ডাল, ফল ইত্যাদি এদের খাদ্য। ময়ূরের ডাককে 'কেকা' বলা হয়। ভারতের প্রায় সব রাজ্যেই কম বেশি ময়ূর দেখা যায়। এরা খুব শান্ত এবং নিরীহ পাখি। অপরূপ সৌন্দর্যের জন্য এদের সবাই খুব ভালোবাসে। ময়ূর আমাদের জাতীয় পাখি।

